



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর
www.bbagc.edu.bd

ফোন: 224423345
ইমেইল: bbacollege@gmail.com

স্মারক নং: ঢা:ক/৫২০

তারিখ: ০৭/১০/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি


বিষয়: সাংস্কৃতিক ক্লাবে শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান আহ্বান।

এতদ্বারা অত্র কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, কলেজের সাংস্কৃতিক কার্যক্রমকে আরও গতিশীল, সমৃদ্ধ ও কার্যকর করার লক্ষ্যে কলেজের সাংস্কৃতিক ক্লাবের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য নিম্নলিখিত বিষয়সমূহে নির্ধারিত সময়ে নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। কলেজের আগ্রহী ও প্রতিভাবান শিক্ষার্থীদের উক্ত প্রশিক্ষণ ও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য ২৯/১০/২০২৬ তারিখের মধ্যে আবেদন করার আহ্বান জানানো যাচ্ছে।

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়	ক্লাসের দিন	সময়
০১.	সঙ্গীত	রবিবার ও সোমবার	বেলা ১১.১৫ থেকে
০২.	নৃত্য	মঙ্গলবার ও বৃহস্পতিবার	বেলা ১১.১৫ থেকে
০৩.	আবৃত্তি, অভিনয়, বক্তৃতা, বিতর্ক ও উপস্থাপনা	সোমবার ও বুধবার	বেলা ১১.১৫ থেকে

নিয়মাবলি:

- ১। আগ্রহী শিক্ষার্থীদের কলেজ অফিস থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে;
- ২। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সুপারিশসহ কলেজ অফিসে জমা দিতে হবে;
- ৩। আবেদনপত্রে শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে;
- ৪। বিভাগীয় প্রধানের সুপারিশের পর আবেদনপত্রটি সাংস্কৃতিক কমিটির মতামত/সুপারিশ সহ অধ্যক্ষ মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে;
- ৫। অনুমোদিত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট সাংস্কৃতিক কার্যক্রমে প্রশিক্ষণ গ্রহণের জন্য নির্ধারিত প্রশিক্ষণ ক্লাসে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে;
- ৬। নির্বাচিত শিক্ষার্থীদের নির্ধারিত সময়সূচি অনুযায়ী নিয়মিতভাবে প্রশিক্ষণ ও অনুশীলন ক্লাসে অংশগ্রহণ করতে হবে;
- ৭। কলেজের সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রতিযোগিতা ও অন্যান্য বিশেষ আয়োজনে অংশগ্রহণের জন্য প্রয়োজন অনুযায়ী নির্বাচিত শিক্ষার্থীদের অতিরিক্ত প্রশিক্ষণ ও অনুশীলনে অংশগ্রহণ করতে হবে;
- ৮। সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণে আগ্রহী সকল শিক্ষার্থীকে ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ও সাংস্কৃতিক ক্লাবের সম্মানিত সদস্য জনাব খালেদা ফেরদৌস এর নিকট থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করে পূরণকৃত ফরম ২৯/১০/২০২৬ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।


০৪.১০.২৬
অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

গাজীপুর
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

অনুলিপি:

- ১। উপাধ্যক্ষ, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর;
- ৩। সকল বিভাগীয় প্রধান, ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর;
- ৪। কলেজের ওয়েবসাইট ও নোটিশ বোর্ড;
- ৫। সংরক্ষণ নথি।